



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

**A.P.A বাস্তবায়ন কমিটির ১ম সভা**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর -এর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে অদ্য ০৭-০৯-২০২১ খ্রি. তারিখ বিকাল ৩:৩০ টায় বোর্ডের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সদস্যগণ এবং বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান উপস্থিত ছিলেন। সভায় বোর্ডের চেয়ারম্যান এবং এপিএ টিম লিডার প্রফেসর ড. মোল্লা আমীর হোসেন সভাপতিত্ব করেন। সভায় বোর্ডের নিম্নবর্ণিত কর্মচারীগণ উপস্থিত ছিলেন-

- ১। প্রফেসর এএমএইচ আলী আর রেজা, সচিব
- ২। জনাব কে এ এম রব্বানী, কলেজ পরিদর্শক
- ৩। ড. বিশ্বাস শাহিন আহম্মদ, বিদ্যালয় পরিদর্শক
- ৪। জনাব মোঃ এমদাদুল হক, উপ-পরিচালক (হিওনি)
- ৫। জনাব মোঃ জাহাঙ্গীর কবীর, সিনিয়র সিস্টেম এনালিস্ট
- ৬। জনাব মোঃ মিজানুর রহমান, প্রধান মূল্যায়ন অফিসার
- ৭। জনাব মোঃ আব্দুস সালাম আজাদ, অডিট অফিসার ও ফোকাল পয়েন্ট (এপিএ ও জাতীয় শুদ্ধাচার কৌশল)
- ৮। জনাব মোহাম্মদ জাকির হোসেন, প্রোগ্রামার ও ফোকাল পয়েন্ট (ই-গভর্নেন্স ও উদ্ভাবনী পরিকল্পনা)
- ৯। জনাব মোহাম্মদ মোজাম্মেল হক চৌধুরী, সহকারী প্রোগ্রামার
- ১০। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপসচিব, প্রশাসন
- ১১। জনাব মোঃ কাশিম হোসেন, উপসহকারী প্রকৌশলী
- ১২। জনাব মোঃ মুজিবুল হক, সহকারী সচিব, প্রশাসন

**আলোচ্যসূচি : ০১**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় -এর পত্রের আলোকে এ বোর্ডের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংশোধনপূর্বক বার্ষিক কর্মসম্পাদন ও উন্নয়ন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

**সিদ্ধান্ত : ০১**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় -এর পত্রের আলোকে এ বোর্ডের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রয়োজনীয় সংশোধন (সর্বোচ্চ ১০%) করে বার্ষিক কর্মসম্পাদন ও উন্নয়ন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি : ০২**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর -এর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে একজন বিকল্প ফোকাল পয়েন্ট মনোনয়ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

**সিদ্ধান্ত : ০২**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর -এর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে জনাব মোহাম্মদ মোজাম্মেল হক চৌধুরী, সহকারী প্রোগ্রামারকে বিকল্প ফোকাল পয়েন্ট হিসাবে মনোনয়ন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়

**আলোচ্যসূচি : ০৩**

বোর্ডের ওয়েব সাইটে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন, ২০০৯, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সিটিজেনস্ চার্টার ও ই-গভর্নেন্স ও উদ্ভাবনী পরিকল্পনা বিষয়ে সেবাবক্স স্থাপন এবং তথ্য সংযোজন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

**সিদ্ধান্ত : ০৩**

বোর্ডের ওয়েব সাইটে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন, ২০০৯, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সিটিজেনস্ চার্টার ও ই-গভর্নেন্স ও উদ্ভাবনী পরিকল্পনা বিষয়ক সেবাবক্সগুলো স্থাপন এবং তথ্য সংযোজন জরুরীভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। বোর্ডের সহকারী প্রোগ্রামার জনাব মুরাদ হোসেন উল্লেখিত সেবাবক্সগুলো বোর্ডের ওয়েব সাইটে প্রতিস্থাপন করার দায়িত্ব অর্পণ করা হয়।

(প্রফেসর ড. মোল্লা আমীর হোসেন)

টিম লিডার, এ.পি.এ

ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর